

তারিখ: ১৬/০১/২০২০ খ্রি.

***২০১৯ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি**

২০১৯ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ Online-এ সম্পন্ন করতে হবে। অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থীকে ডাটা এন্ট্রি সম্পন্ন করার পর প্রিন্টকপিতে পাসপোর্ট সাইজের ১কপি ছবি গাম দিয়ে লাগিয়ে সংশ্লিষ্ট কমিটির নিকট এবং ফরমের ফটোকপি হিসাব শাখায় জমা দিয়ে নিম্নোক্ত নিয়মাবলী অনুসরণ পূর্বক ফরম পূরণ সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া গেল। অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে সর্বশেষ পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি জমা দিতে হবে। উল্লেখ্য যে, ইনকোর্স পরীক্ষার নম্বর Online-এ এন্ট্রি ব্যতীত ফরম পূরণের সুযোগ নেই বিধায় ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক।

১। ফরমের প্রিন্টকপি ও নির্ধারিত ফি কলেজে জমা দেয়ার তারিখ-

(ক) বিএ/বিএসএস/বিবিএস/বিএসসি-২য় বর্ষ (নিয়মিত)

: ০৫/০২/২০২০ খ্রি.

(খ) বিএ/বিএসএস/বিবিএস/বিএসসি-২য় বর্ষ (অনিয়মিত/মানোন্নয়ন/প্রাইভেট/সার্টিফিকেট কোর্স): ০৬/০২/২০২০ খ্রি.

২। প্রিন্টকপিতে পরীক্ষার্থীর স্বাক্ষর করার তারিখ: ১৫/০২/২০২০ খ্রি.

৩। ডিগ্রী পাস ২য় বর্ষ (নিয়মিত): ২০১৭-১৮ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০১৮ শিক্ষাবর্ষের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যেসকল শিক্ষার্থী ২০১৮ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে, তারা ২০১৯ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে। তাদেরকে “বাংলা জাতীয় ভাষা” আবশ্যিকসহ নৈর্বাচনিক বিষয়সমূহের ৩য় ও ৪র্থ পত্রের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যনীয়।

৪। ডিগ্রী পাস ২য় বর্ষ (অনিয়মিত): ২০১৬-১৭, ২০১৫-১৬, ২০১৪-১৫ ও ২০১৩-১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৭, ২০১৬, ২০১৫ ও ২০১৪ শিক্ষাবর্ষের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যেসকল শিক্ষার্থী ২০১৮, ২০১৭, ২০১৬, ২০১৫ ও ২০১৪ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে কিন্তু ২০১৮, ২০১৭, ২০১৬ ও ২০১৫ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে Not Promoted হয়েছে, তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে। ২০১৬-১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৭ শিক্ষাবর্ষের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যেসকল শিক্ষার্থী ২০১৮ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে শর্তসাপেক্ষে উত্তীর্ণ (C. Promoted) হয়েছে, তাদেরকে অনুপস্থিত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক।

৫। অকৃতকার্য ও মানোন্নয়ন: ২০১৬-১৭, ২০১৫-১৬, ২০১৪-১৫ ও ২০১৩-১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৭, ২০১৬, ২০১৫ ও ২০১৪ শিক্ষাবর্ষের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যেসকল শিক্ষার্থী ২০১৮, ২০১৭, ২০১৬ ও ২০১৫ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে বা এক বা একাধিক কোর্সে “F” গ্রেড পেয়েছে, তারা “F” গ্রেড প্রাপ্ত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

২০১৬-১৭ শিক্ষাবর্ষের যেসকল শিক্ষার্থী ২০১৮ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C বা D'পেয়েছে, তারা সর্বোচ্চ দু'টি 'C বা D' গ্রেড প্রাপ্ত কোর্সে মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৬। সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ (২০০ নম্বর): ২০১৮, ২০১৭ ও ২০১৬ শিক্ষাবর্ষের সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনকৃত যেসকল শিক্ষার্থী ২০১৮, ২০১৭ ও ২০১৬ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে, তারা এ পরীক্ষায় ২য় বর্ষের নির্ধারিত বিষয়ের ৩য় ও ৪র্থ পত্রে অংশগ্রহণ করবে।

৭। ফি বিবরণী:

বিভাগ	জাতীয় বিশ্ববিদ্যালয়			কলেজ		সর্বমোট
	পরীক্ষার ফি	ইনকোর্স	অন্তর্ভুক্তি	কেন্দ্র	ব্যবস্থাপনা	
বিএ/বিএসএস/বিবিএস- নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট	৭ পত্র×১০০=৭০০	১০০	--	৪৫০	৫০	১৩০০/-
বিএসসি- নিয়মিত/অনিয়মিত	৭ পত্র×১০০=৭০০	১০০	--	৪৫০	৫০	১৩০০/-
সার্টিফিকেট কোর্স (২০০ নম্বর)	২ পত্র×১০০=২০০	১০০	--	৪৫০	৫০	৮০০/-
অকৃতকার্য/মানোন্নয়ন	১ পত্র×১০০=১০০	--	৩০০	৪৫০	৫০	৯০০/-
	২ পত্র×১০০=২০০	--	৩০০	৪৫০	৫০	১০০০/-

(প্রফেসর মোঃ মঈন উদ্দীন)

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ

রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ:

১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি।

২। আহ্বায়ক, ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষা-২০১৯ কমিটি, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে আগামী ১৫/০২/২০২০ খ্রি. তারিখের মধ্যে প্রশ্নপত্র চাহিদা জমা দিতে হবে।

৩। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি।

৪। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল।

৫। সংরক্ষণ নথি।